মন্ত্রিপরিষদ বিভাগের মে ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **মে ২০১৭** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৮ জুন ২০১৭**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৯	১৯৮	৫১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৮৯৩	৩৭১
মোট	**১,৫১৩**	**১,০৯১**	**৪২২**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	০৫	২৩	১৭	৫১
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৮	৩৪	১৪৫	০৩	২৩০*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	১	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২৪-২৬ মে ২০১৭ মেয়াদে রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা সফর করেন।	১৫-১৮ মে ২০১৭ মেয়াদে দক্ষিণ কোরিয়া ও সিঙ্গাপুর সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬ (জাইকা=৫.১৮৯০ জিওবি ০.৬৭৩০)	৫.৫৩৪০ (৯৪%) জাইকা: ৫.১৮৯০ (১০০%) জিওবি: ০.৩৪৫০ (৫১%)	-	-	প্রকল্পের সহযোগী সংস্থা জাইকা অংশের মেয়াদ ৩১ মার্চ ২০১৭ পর্যন্ত। ফলে ডিপিএ অংশের কোন ব্যয় নেই।
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০০.০৪	৬.৭৩৫৭ (৮৩.২৫%) ০.০৩২৩ (৮০.৭৪%)	-	-	মার্চ ২০১৭ পর্যন্ত অগ্রগতি
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: ০.৩৩	০৮.৭৫ (৪৪.৩৭%)	-	-	মার্চ ২০১৭ পর্যন্ত অগ্রগতি
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ৩.৩১ জিওবি:৩৯.৬৮	০.৭০০০ (১৯%)			মার্চ ২০১৭ পর্যন্ত অগ্রগতি

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৫টি	২৪৯.৫৯	-	-	১৫টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**২৬টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**১**	**২৬টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	০১	-	-	-	০৪	-
দুর্নীতি দমন কমিশন-১১	-	-	-	১	১০	১৪

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Study Tour স্থান: দক্ষিণ কোরিয়া	১১-১৮ মে ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**পাঁচজন** ১. সচিব (সমন্বয় ও সংস্কার) ২. অতিরিক্ত সচিব ৩. যুগ্মসচিব ৪. উপসচিব (দুইজন)
	২।	Study Tour স্থান: দক্ষিণ কোরিয়া ও সিঙ্গাপুর	১৫-১৮ মে ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**একজন** মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
	৩।	SAARC Tobacco Control Leadership Program স্থান: নেপাল	০৭-১৩ মে ২০১৭	স্বাস্থ্য সেবা বিভাগ	**একজন** অতিরিক্ত সচিব
	৪।	Study Tour (learning exchange) স্থান: ইন্দোনেশিয়া	০১-০৫ মে ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**পাঁচজন** ১. অতিরিক্ত সচিব ২. উপসচিব (দুইজন) ৩.সিনিয়র সহকারী সচিব ৪. সচিব (সমন্বয় ও সংস্কার)-এর একান্ত সচিব
	৫।	Public Service Transformation স্থান: শ্রীলঙ্কা	২২-২৬ মে ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**দশজন** ১. উপসচিব (নয়জন) ২.সিনিয়র সহকারী সচিব
	৬।	মন্ত্রিপরিষদ বিভাগের দশম গ্রেডভুক্ত প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকতাগণের জন্য সঞ্জীবনী প্রশিক্ষণ স্থান: কক্সবাজার বিয়াম ফাউন্ডেশন	১৬-১৮ মে ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**পনেরজন** ১ প্রশাসনিক কর্মকর্তা (ছয়জন) ২ ব্যক্তিগত কর্মকর্তা (নয়জন)
দুর্নীতি দমন কমিশন	১।	‘ICAC International Seminar on Financial Investigation’ স্থান: হংকং	১১-১২ মে ২০১৭	দুর্নীতি দমন কমিশন	**তিন জন** ১. মহাপরিচালক ২. চেয়ারম্যানের একান্ত সচিব ৩. উপপরিচালক
	২।	সরকারি কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে বাংলা ভাষার ব্যবহার	১৪-১৮ মে ২০১৭	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট	**একজন**
	৩।	মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১৪-১৮ মে ২০১৭	দুর্নীতি দমন কমিশন	**২৫ জন**
	৪।	মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২১-২৫ মে ২০১৭	দুর্নীতি দমন কমিশন	**২৫ জন**
	৫।	মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২৮ মে থেকে ০১ জুন ২০১৭	দুর্নীতি দমন কমিশন	**২৫ জন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: পঁচিশজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার দু'টি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা দু'টি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ১৩টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ০৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ০৬টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ২১ মে ২০১৭ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৫৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ০৫টি পত্র জারি করা হয়।

(৫) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের বাজেট প্রাক্কলন ও পরবর্তী দুই অর্থ-বছরের প্রক্ষেপণ এবং ২০১৬-১৭ অর্থ-বছরের তৃতীয় কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুতপূর্বক ০৭ মে ২০১৭ তারিখে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

(৬) ১৬ মে ২০১৭ তারিখ মহামান্য রাষ্ট্রপতির বিদেশ যাত্রা এবং বিদেশ থেকে স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার সংক্রান্ত নির্দেশাবলি জারি কর হয়।

(৭) ১১ মে ২০১৭ তারিখে প্রণীতব্য আইনের খসড়া প্রণয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সঙ্গে সামঞ্জস্য ও সংগতি বিধানের লক্ষ্যে উদ্যোগী মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত আইনের খসড়া মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের পূর্বে পরীক্ষা-নিরীক্ষার জন্য একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ লন্ডন সফর শেষে ০৪ মে ২০১৭ তারিখ বৃহস্পতিবার ১৭২০ ঘটিকায় এমিরেটস এয়ারলাইন্সের ইকে-৫৮৬ ফ্লাইটযোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা Arab Islamic-American Summit-এ অংশগ্রহণের লক্ষ্যে ২০ মে ২০১৭ তারিখ শনিবার ২০০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০৩৫ ভিভিআইপি ফ্লাইটযোগে সরকারি সফরে সৌদি আরবের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১০) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা International Atomic Energy Agency (IAEA)-এর International Conference on the Technical Cooperation Programme: Sixty Years and Beyond-Contributing to Development-এ অংশগ্রহণের লক্ষ্যে ২৯ মে ২০১৭ তারিখ সোমবার ০৯.০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০১১ ভিভিআইপি ফ্লাইটযোগে সরকারি সফরে ভিয়েনা, অস্ট্রিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১১) জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির মহাপরিচালক জনাব মো. ফজলুর রহমান ১৩ মে ২০১৭ তারিখে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় চট্টগ্রামে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। জনাব মো. ফজলুর রহমানের অকাল মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের

সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৫ মে ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ২১ মে ২০১৭ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১২) শরণখোলা উপজেলার সুন্দরবনের চাঁদপাই রেঞ্জের ধানসাগর স্টেশনের নাংলী ফরেস্ট ক্যাম্পের আওতাধীন আবদুল্লাহর ছিলা এলাকার সংঘটিত অগ্নিকান্ড সম্পর্কিত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ৩০ মে ২০১৭ তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় অভিযোগপত্র দাখিল ৩২ জন, নথিভুক্তির জন্য ১৯ জন, মামলা দায়ের ১৯ জন, সাময়িক বরখাস্তকরণ ২ জন এবং নথিভুক্তির জন্য ১৩ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৪) বিভিন্ন আইনে ১৪জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(১৫) দুর্যোগ হ্রাসের লক্ষ্যে ঝুঁকিপূর্ণ বন্যানিয়ন্ত্রণ বাঁধ সংস্কারের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) সম্প্রতি হাওর এলাকায় সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্তদের কল্যাণ/পুনর্বাসনে কার্যক্রম গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(১৭) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের উৎপাদিত ও আমদানিতব্য রাসায়নিক সারের বস্তার মোড়কে পাটের বস্তা ব্যবহারের বাধ্যবাধ্যকতা প্রমার্জনের বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(১৮) রাঙ্গামাটি পার্বত্য জেলার সাজেক ইউনিয়নের দুর্গম পাহাড়ি অঞ্চলে খাদ্যশস্য ও আর্থিক সংকটের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(১৯) রাজবাড়ী জেলার দৌলতদিয়া ফেরিঘাট ও তদ্‌সংলগ্ন এলাকায় নদীভাঙ্গন প্রতিরোধের বিষয়ে পানি সম্পদ/নৌ-পরিবহন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(২০) বৃহৎ প্রকল্পসমূহের স্থান নির্বাচনের পূর্বে জেলা প্রশাসকের মতামত/পরামর্শ গ্রহণের বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(২১) ০৯ মে ২০১৭ তারিখে সরকারি কর্মচারীদের ভবিষ্যৎ বেতন-ভাতা নির্ধারণ ও পরিবর্ধনের বিষয় পর্যালোচনা সংক্রান্ত কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(২২) ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

(২৩) বিভিন্নি মন্ত্রণালয়/বিভাগকে ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নে সহায়তা প্রদান করা হয়।

(২৪) ০২-০৩, ০৯, ১১, ২১-২৫, ২৮-৩১ মে ২০১৭ মেয়াদে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।

(২৫) ১৪-১৫, ১৭-১৮, ২৪-২৫, ২৮-২৯ মে ২০১৭ মেয়াদে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(২৬) ১৪-১৫, ১৭-১৮ এবং ২৪-২৫ মে ২০১৭ মেয়াদে বিভাগীয় ও জেলা প্রশাসনের কর্মকর্তাদের অংশগ্রহণে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(২৭) ৩০ ও ৩১ মে ২০১৭ মেয়াদে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের এপিএএমএস সফ্‌টওয়্যার ব্যবহারকারী কর্মকর্তাদের অংশগ্রহণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত সফ্‌টওয়্যার বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (জুন-জুলাই) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৮) জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ মাস পর্যন্ত সময়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি, কার্যবিবরণী ও সারসংক্ষেপসমূহ বই আকারে বাঁধাই সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করা।

(৯) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।

(মুহাম্মদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd